

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
শিল্প ও শক্তি সেক্টর  
শের-ই-বাংলা নগর, ঢাকা

প্রকল্প পরিদর্শন প্রতিবেদন (বান্দরবন অংশ)  
(চলমান প্রকল্প)

- ১। প্রকল্পের নাম : পার্বত্য চট্টগ্রাম বিদ্যুৎ বিতরণ উন্নয়ন প্রকল্প (সংশোধিত)
- ২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড(বিউবো)
- ৪। প্রকল্পের অবস্থান : রাজশামাটি, বান্দরবান, ও খাগড়াছড়ি জেলা
- ৫। প্রাক্কলিত ব্যয় :

(লক্ষ টাকায়)

	মোট	জিওবি	সংস্থার নিজস্ব	প্রকল্প সাহায্য
মূল	১৬৪৪৭.৪৩	১৫৭৫৯.৭৩	৬৮৭.৬৭	--
সংশোধিত	১৮০৭৯.৪০	১৭১৯৬.৭০	৭৮২.৭০	--

- ৬। বাস্তবায়নকাল :

মূল	: জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৩
১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	: জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৪
সংশোধিত ডিপিপি অনুযায়ী	: জানুয়ারী, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৫

- ৭। প্রকল্প সাহায্য সংক্রান্ত তথ্যঃ প্রযোজ্য নয়।

- ৮। প্রকল্পের পটভূমিঃ

পার্বত্য চট্টগ্রাম এলাকা ৩টি পার্বত্য জেলা রাজশামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি এর সমন্বয়ে গঠিত। এই ৩টি জেলার অধীনে মোট ২৫ টি উপজেলা আছে। পার্বত্য এলাকার মোট আয়তন ১৩১৯০ বর্গ কিলোমিটার এবং জনসংখ্যা প্রায় ১৪ লাখ। জেলাগুলিতে পাহাড়ি নদী এবং উচু নীচু উপত্যকা এবং বাঁশ, গাছ-গাছালি ও বিস্তৃত বনভূমি রয়েছে। সার্বিক যোগাযোগ ব্যবস্থা অভ্যন্তর দুরূহ ও অপ্রতুল। এলাকার উপজাতি জনগোষ্ঠীর দারিদ্র্য দূরীকরণ এবং জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে এই এলাকায় বিদ্যুতায়ন ব্যবস্থার সম্প্রসারণ অত্যন্ত জরুরী। এ প্রেক্ষাপটে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

- ৯। প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের প্রধান উদ্দেশ্য হল বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন ৩টি পার্বত্য জেলা রাজশামাটি, বান্দরবান ও খাগড়াছড়ির বিদ্যমান বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ, আধুনিকীকরণ এবং ক্ষমতা বৃদ্ধি করা।



১০। প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

মূল প্রকল্পটি ০৯/০১১/২০১০ তারিখে একনেক সভায় ১৬৪৪৭.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১১ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ১৮-০২-২০১৪ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অতঃপর বিদ্যুৎ বিভাগ কর্তৃক ০৪/১১/২০১৩ তারিখে ১৮০৭৯.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি জানুয়ারি, ২০১১ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়।

১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

ক্রমিক নং	নাম	পদবী	মেয়াদকাল
১।	জনাব এ বি এম মিজানুর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	০৮/০৩/২০১১ হতে ০৮/০১/২০১২
২।	জনাব আবদুল মোতালিব	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	০৮/০১/২০১২ হতে ১৪/০৬/২০১৫
৩।	জনাব উ গা পু	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	১৫/০৬/২০১৫ হতে চলমান

১২। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিঃ

আর্থিক : নভেম্বর, ২০১৫ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৪৮৩০.৬৩ লক্ষ টাকা যা সর্বশেষ অনুমোদিত প্রকল্প ব্যয়ের ৮২.০৩%। উল্লেখ্য, চলতি অর্থ বছরের এডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে ২৪৭১.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে।

বাস্তব : নভেম্বর, ২০১৫ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতির পরিমাণ ৮৯.৬৬%।

১৩। প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতির বিবরণ :

প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী নভেম্বর, ২০১৫ পর্যন্ত প্রকল্পটির অঙ্গভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হলঃ

(লক্ষ টাকায়)

Sl. No.	Work components as per RDPP	As per RDPP		Achievement up to June'15		Progress of current year up to November, 2015	
		Qty.	Estimated Cost	Financial	Physical (%)	Financial	Physical (%)
1	Jeep	1 No.	52.80	52.80	100.00		
2	Pickup(Double c)	3 Nos.	122.04	77.04	100.00	36.60	
3	Motorcycle	5 Nos.	7.50	7.40	100.00		
4	Country boat	0	0.00				
5	33 kv Line(new)	113Km	2153.08	2153.08	100.00		
6	33 kv Line(reno)	20Km	166.92	166.92	100.00		
7	11 kv Line(new)	308Km	3784.17	3764.97	98.00		
8	11 kv Line(reno)	30Km	175.70	175.70	100.00		
9	0.4 kv Line(new)	396Km	798.54	375.54	99.00		
10	0.4 kv Line(reno)	40Km	240.00	240.00	100.00		
11	0.23 kv Line(new)	148Km	691.46	691.46	100.00		
12	2x5 MVA Regular type 33/11 KV S/S	0	0.00				
13	1x5 MVA Rural type 33/11 KV S/S	7 Nos.	2000.00	373.11	45.00	24.25	24.00
14	4x1.67 MVA Rural type 33/11 KV S/S	0	0.00				
15	200 KVA Transformer	11 Nos.	40.01	40.01	100.00		
16	100 KVA Transformer	130Nos.	553.20	553.20	100.00		
17	50 KVA Transformer	310Nos.	607.23	607.23	100.00		
18	25 KVA Transformer	200Nos.	180.40	180.40	100.00		
19	Land Acquisition	1Acre	17.69	5.28	100.00		
20	Land Development	21000 cum	42.00				
21	Functional Building	0	0.00				
22	Residential Building	0	0.00				

Sl. No.	Work components as per RDPP	As per RDPP		Achievement up to June' 15		Progress of current year up to November, 2015	
		Qty.	Estimated Cost	Financial	Physical (%)	Financial	Physical (%)
23	Other Civil Works	LS	25.00	3.92	63.00		
24	Carrying of Materials	LS	300.00	245.57	81.00	10.15	5.00
25	Installation	LS	2253.00	1556.83	80.00	63.73	9.00
26	Survey	LS	10.00				
27	Interest During Construction	LS	125.75				
28	Physical Contingency	LS	47.76				
29	Price Escalation	LS	48.20	0.44			
30	Pay of Officers	14 Nos.	159.95				
31	Pay of Staffs	40 Nos.	184.96				
32	Allowances	LS	201.79				
33	Fuel	LS	42.00				
34	Repairs Maintenance & Rehabilitation	LS	21.91				
35	Supplies and Services	LS	46.34				
Total :			18079.40	14695.89	89.66	134.74	4.05%


### ১৪। পরিদর্শিত জেলার নির্মিত বিদ্যুৎ লাইন ও উপকেন্দ্র সম্প্রসারণের অগ্রগতিঃ

গত ২ ডিসেম্বর, ২০১৫ তারিখে আইএমডি'র শিল্প ও শক্তি সেক্টরের উপ-পরিচালক (বিদ্যুৎ), মুহাম্মদ কামাল হোসেন তালুকদার, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিনিধি এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে প্রকল্পটির বান্দরবন জেলায় বিভিন্ন উপজেলায় আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত চলমান বিদ্যুৎ বিতরণ লাইন ও উপকেন্দ্র নির্মাণ কার্যক্রমের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের প্রেক্ষিতে প্রাপ্ত তথ্যসমূহ নিম্নে উপস্থাপন করা হলো:


- ১৪.১। ৩৩ কেভি (নতুন) লাইন নির্মাণ: প্রকল্পের আওতায় বান্দরবন জেলায় সংস্থানকৃত ২৬ কি.মি. ৩৩ কেভি নতুন লাইন নির্মাণ এবং ৫কি:মি: পুরাতন লাইন সংস্কারের লক্ষ্যমাত্রার বিপরীতে ইতোমধ্যে ২৬ কি.মি. নতুন লাইন এবং ৫ কি:মি: পুরাতন লাইন সংস্কারের সম্পূর্ণ কাজ সম্পন্ন হয়েছে। উক্ত ৩৩কেভি নতুন লাইনটি চকরিয়া হতে আলোচ্য প্রকল্পের আওতায় লামায় নির্মিত ৩৩/১১ কেভি উপকেন্দ্রের সাথে যুক্ত হয়েছে।
- ১৪.২। ১১ কেভি (নতুন) লাইন নির্মাণ: প্রকল্পের আওতায় বান্দরবন জেলায় সংস্থানকৃত ৮০ কি.মি. ১১ কেভি নতুন লাইন নির্মাণ এবং ১০কি:মি: পুরাতন লাইন সংস্কারের লক্ষ্যমাত্রার বিপরীতে ইতোমধ্যে বান্দরবনে ৮০ কি.মি. ১১ কেভি নতুন লাইন নির্মাণের সম্পূর্ণ কাজ সম্পন্ন হয়েছে।
- ১৪.৩। ০.৪ কেভি (নতুন) লাইন নির্মাণ: প্রকল্পের আওতায় বান্দরবন জেলায় ৮১ কি: মি: ০.৪ কেভি (নতুন) লাইন নির্মাণের সংস্থানের বিপরীতে ৮১ কি.মি. লাইন নির্মাণের সম্পূর্ণ কাজ সম্পন্ন হয়েছে।
- ১৪.৪। ০.২৩ কেভি (নতুন) লাইন নির্মাণ: প্রকল্পের আওতায় বান্দরবন জেলায় ৪০ কি.মি. ০.২৩ কেভি (নতুন) লাইন নির্মাণের সংস্থান রয়েছে। সংস্থান অনুযায়ী বান্দরবন জেলায় ইতোমধ্যে ৪০ কি.মি. ০.২৩ কেভি (নতুন) লাইন নির্মাণের সম্পূর্ণ কাজ সম্পন্ন হয়েছে।
- ১৪.৫। ট্রান্সফর্মার : অনুমোদিত প্রকল্পের সংস্থান অনুযায়ী তিনটি পার্বত্য জেলায় ২০০ কেভিএ ট্রান্সফর্মার ১১টি, ১০০ কেভিএ ট্রান্সফর্মার ১৮০টি, ৫০ কেভিএ ৩১০টি এবং ২৫ কেভিএ ২০০টি ট্রান্সফর্মার স্থাপনের সংস্থান ছিল। এ প্রেক্ষিতে সংস্থান অনুযায়ী বান্দরবন জেলায় ২০০কেভিএ ৩টি, ১০০ কেভিএ ২৩টি, ৫০কেভিএ ৬৪টি এবং ২৫ কেভিএ ৪৫টি ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে।

১৪.৬। পরিদর্শিত ৫ এমডিএ ক্ষমতাসম্পন্ন ৩৩/১১ কেভি উপকেন্দ্র:

বান্দরবন জেলার চিম্বুক পাহাড় সংলগ্ন ওয়াই জংশন নামক স্থানে নির্মাণাধীন ৫ এমডিএ ক্ষমতাসম্পন্ন ৩৩/১১ কেভি উপকেন্দ্রের স্থির চিত্র উপস্থাপন করা হলোঃ



৫ এমডিএ ক্ষমতাসম্পন্ন ৩৩/১১ কেভি উপকেন্দ্রের নির্মাণাধীন বাউন্ডারি ওয়াল



৫ এমডিএ ক্ষমতাসম্পন্ন ৩৩/১১ কেভি উপকেন্দ্র



চিম্বুক পাহাড় সংলগ্ন নির্মাণাধীন ধসে পড়া রাস্তা



চিম্বুক পাহাড় সংলগ্ন নির্মাণাধীন ধসে পড়া রাস্তা

বান্দরবান জেলা হতে ওয়াই জংশন যাওয়ার পথে চিম্বুক পাহাড় সংলগ্ন একমাত্র রাস্তাটির ডানপাশের মাটি গত বর্ষায় ভারী বর্ষণে হেলে পড়ায় কয়েক মাস ভারী মালামাল নিয়ে পরিবহন চলাচল বন্ধ থাকায় ওয়াই জংশন এলাকায় ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা কঠিন হয়ে পড়ে। তবে, বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে ধসে পড়া রাস্তাটির পুনঃনির্মাণ কাজ দ্রুত গতিতে চলমান থাকায় বর্তমানে যান চলাচল অনেকটা স্বাভাবিক হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান যে টার্নকী চুক্তির আওতায় ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে এবং বর্তমানে উপকেন্দ্র সংলগ্ন বাউন্ডারি ওয়ালের নির্মাণ কাজ চলছে; যা ডিসেম্বরের মধ্যে শেষ হবে।

১৪.৭। ৩৩/১১ কেভি সাবস্টেশন:

প্রকল্পের আরডিপি অনুযায়ী বান্দরবনে সংস্থানকৃত ২ টি ৫ এমডিএ ক্ষমতাসম্পন্ন ৩৩/১১ কেভি সাবস্টেশনের অবস্থান ও নির্মাণ কাজের অগ্রগতি নিম্নরূপঃ

ক্রম নং	অবস্থান	সর্বশেষ অগ্রগতি সংক্রান্ত তথ্য
১	Y-junction, Rowangchari, Banarban	প্রকল্পের আওতায় এই সাব-স্টেশনটি নির্মাণের কাজ ঠিকাদারি প্রতিষ্ঠানের সাথে ঠাক্কী চুক্তির মাধ্যমে সম্পন্ন হয়েছে এবং বর্তমানে নির্মিত সাবস্টেশনের চারপাশের দেয়ালের বাউন্ডারির কাজ চলমান রয়েছে।
২	Lama, Baidarban	প্রকল্পের আওতায় উক্ত সাব-স্টেশন নির্মাণের প্রয়োজনীয় মালামাল সরকারি ত্রয় নীতিমালা যথাযথ অনুসরণ করে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক ক্রমের পর Instalation এর কাজটি দরপত্রের মাধ্যমে নির্বাচিত ঠিকাদারকে দিয়ে করা হয়েছে।

১৪.৮। বান্দরবন অংশের কাজসহ প্রকল্পটি সার্বিকভাবে নির্ধারিত সময় ডিসেম্বর ২০১৬ এ সমাপ্ত হবে বলে প্রকল্প কর্তৃপক্ষ জানান।

#### ১৫। বাস্তবায়ন সমস্যাঃ

- ১৫.১। প্রকল্পের প্রাক্কলিত জনবল ৫৪ জন হলেও বাস্তবে মাত্র ২২ জন কর্মরত আছেন। এর ফলে একদিকে যেহেতু প্রকল্পের স্বাভাবিক কাজের গতি ব্যাহত হওয়ার কারণে প্রকল্পের সময় এবং ব্যয় উভয়ই বৃদ্ধি পেয়েছে অন্যদিকে কাঙ্ক্ষিত সময়ে প্রকল্প এলাকার জনগণ বহল প্রত্যাশিত বিদ্যুৎ সুবিধা পাচ্ছে না।
- ১৫.২। বান্দরবান জেলা হতে থানছি উপজেলায় যাওয়ার পথে চিম্বুক পাহাড় সংলগ্ন একমাত্র রাস্তাটির একপাশের মাটি গত বর্ষায় ভারী বর্ষণে হেলে পড়ায় ওয়াই জাংশন এলাকায় ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের মালামাল পরিবহন বন্ধ থাকায় নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করা কঠিন হয়ে পড়ে।
- ১৫.৩। প্রকল্প এলাকাটি সমুদ্র পৃষ্ঠ অনেক উচু হওয়ায় প্রকল্প এলাকায় পানি ষষ্ঠতার কারণে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের কাজ অত্যন্ত দুরূহ।
- ১৫.৪। কংক্রীটের খুঁটি অত্যন্ত ভারী হওয়ায় পাহাড়ি এলাকায় পরিবহনে অসুবিধা হয় এবং সময় লাগে। বিশেষ করে বর্ষা মৌসমে দুর্গম পাহাড়ী এলাকার রাস্তা পিচ্ছিল থাকার কারণে পরিবহন অত্যন্ত কঠিন হয়ে পড়ে।

#### ১৬। সুপারিশঃ

- ১৬.১। প্রকল্পের প্রাক্কলিত জনবল ৫৪ জন হলেও বাস্তবে মাত্র ২২ জন কর্মরত আছেন। এর ফলে একদিকে প্রকল্পের স্বাভাবিক কাজের গতি ব্যাহত হওয়ার কারণে প্রকল্পের সময় এবং ব্যয় উভয়ই বৃদ্ধি পেয়েছে অন্যদিকে কাঙ্ক্ষিত সময়ে প্রকল্প এলাকার জনগণ বহল প্রত্যাশিত বিদ্যুৎ সুবিধা পাচ্ছে না। তাই ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের শুরুতেই ডিপিপি প্রাক্কলন অনুযায়ী জনবল প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে (অনু: ১৫.১)।
- ১৬.২। ভূতাত্ত্বিকভাবে দুর্গম পার্বত্য এলাকায় প্রকল্প গ্রহণের পূর্বে feasibility study করে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন।
- ১৬.৩। পাহাড়ি এলাকায় কংক্রীটের খুঁটি পরিবহনে অসুবিধা হয় এবং সময়ও লাগে। অপরদিকে স্টীলের খুঁটি হালকা এবং কয়েকভাবে বিভক্ত করে পরিবহন করা যায়। ফলে স্টীলের খুঁটি পরিবহন করা সুবিধাজনক এবং দ্রুত স্থাপন করা যায়। তাই ভবিষ্যতে পার্বত্য এলাকায় নতুন বিদ্যুৎ বিতরণ প্রকল্প বাস্তবায়নের সময় স্টীলের খুঁটি ব্যবহার করা শ্রেয় হবে (১৫.৪)।



- ১৬.৪। ভবিষ্যতে পার্বত্য এলাকায় নতুন বিদ্যুৎ বিতরণ প্রকল্প বাস্তবায়নের সময় পরিবেশ সংরক্ষণের জন্য পাহাড় না কেটে যাতে প্রকল্প বাস্তবায়ন করা যায় এ লক্ষ্যে পরিকল্পনা গ্রহন করতে হবে।
- ১৬.৫। অনুচ্ছেদ ১৬.১ থেকে ১৬.৪ -এর বিষয়ে গৃহীত পদক্ষেপসমূহ আর্মিলে আইএমইডি-কে অবহিত করতে হবে।
- ১৬.৬। প্রকল্প সমাপ্তি ৩ মাসের মধ্যে প্রকল্পের PCR (Project Completion Report) আইএমইডি-তে প্রেরণ করতে হবে।



(মুহাম্মদ কামাল হোসেন তালুকদার)

উপ পরিচালক